

অতিরিক্ত সচিব (প্রশাসন ও চলচ্চিত্র) এর দপ্তর  
 নং: ২৬২৬ তারিখ: ১৭/৭/১৭

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
 অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ  
 প্রশাসন ও সমন্বয় অনুবিভাগ  
 প্রশিক্ষণ শাখা  
 Website: www.mof.gov.bd

অতিরিক্ত সচিব (প্রশাসন ও চলচ্চিত্র) এর দপ্তর  
 নং: ১৪০ তারিখ: ১৩/৭/১৭

নং- ০৭.০০.০০০০.১৯০.২৫.০১৩.১৭-১৭১

তারিখ ২৯ আষাঢ়, ১৪২৪ বঙ্গাব্দ  
 ১৩ জুলাই, ২০১৭ খ্রিস্টাব্দ

বিষয়: ১৩তম "Budget Management Specialist" (BMS)- প্রশিক্ষণ কোর্সে কর্মকর্তা মনোনয়ন।

সূত্র: আইপিএফ এর স্মারক নং: আইপিএফ/১৮/ট্রেনিং (বিএমএস)/২০১৬-১৭, তারিখ: ০৯/০৭/২০১৭ খ্রিস্টাব্দ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত স্মারকের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, অর্থ বিভাগের আওতাধীন ইনস্টিটিউট অব পাবলিক ফাইন্যান্স বাংলাদেশ (আইপিএফ) এর অধীনে আগামী আগস্ট, ২০১৭ খ্রিস্টাব্দ হতে ১৯ (উনিশ) দিনব্যাপী ১৩তম Budget Management Specialist (BMS) প্রশিক্ষণ কোর্স ইনস্টিটিউট অব পাবলিক ফাইন্যান্স বাংলাদেশ (আইপিএফ), ১ম ১২ তলা ভবন (ফ্লোর-৭), সেগুনবাগিচা, ঢাকায় অনুষ্ঠিত হবে।

০২। উক্ত কোর্সে ২৫ (পঁচিশ) জন প্রশিক্ষণার্থীর অংশগ্রহণের সুযোগ রয়েছে। বাজেট প্রণয়ন ও বাস্তবায়নের কাজের সাথে সংশ্লিষ্ট (প্রকল্প ও কর্মসূচিসহ) কর্মকর্তাদের এ প্রশিক্ষণে মনোনয়ন প্রদানের ক্ষেত্রে অগ্রাধিকার দেয়া হবে।

০৩। এমতাবস্থায়, ১৩তম Budget Management Specialist (BMS) কোর্সে অংশগ্রহণের জন্য তীর মন্ত্রণালয়/বিভাগ এবং আওতাধীন দপ্তর এবং সংস্থাসমূহের বাজেট প্রণয়ন এবং বাস্তবায়নের সাথে সংশ্লিষ্ট কর্মকর্তাকে নিম্নোক্ত ছকে মনোনয়ন প্রদানপূর্বক আগামী ২৭ জুলাই, ২০১৭ খ্রিস্টাব্দ তারিখের মধ্যে সিনিয়র সহকারী সচিব, প্রশিক্ষণ শাখা, কক্ষ নং: ২৩০, ভবন নং: ০৭, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা বরাবর প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হল। উল্লেখ্য যে, যে সকল কর্মকর্তা ইতিপূর্বে এ কোর্সটিতে অংশগ্রহণ করেছেন, তাদেরকে পুনরায় মনোনয়ন প্রদানের প্রয়োজন নেই।

১৩তম BMS কোর্সে কর্মকর্তা মনোনয়নের ছক:

নাম ও পদবী	অফিসের নাম	ফোন/মোবাইল নম্বর	ই-মেইল

০৪। উল্লেখ্য যে, মনোনয়ন প্রস্তাব পাওয়ার পর অর্থ বিভাগ কর্তৃক চূড়ান্তভাবে মনোনীত কর্মকর্তাগণের অনুকূলে মনোনয়ন আদেশ জারি করা হবে এবং শুধুমাত্র মনোনীত কর্মকর্তাগণই উক্ত প্রশিক্ষণ কোর্সে অংশগ্রহণ করতে পারবেন। চূড়ান্তভাবে মনোনীত কর্মকর্তাগণের নামের তালিকা অর্থ বিভাগের ওয়েবসাইটে ([www.mof.gov.bd](http://www.mof.gov.bd)) কোর্স শুরুর পূর্বে প্রকাশ করা হবে।

০৫। এ প্রশিক্ষণ কোর্সটি অনাবাসিক এবং এ কোর্সে অংশগ্রহণের জন্য কোন কোর্স ফি প্রদান করতে হবে না। উক্ত কোর্স সংক্রান্ত যে কোন তথ্যের জন্য অর্থ বিভাগের সিনিয়র সহকারী সচিব জনাব মোঃ রাজিবুল আহসান (মোবাইল নম্বর: ০১৭২০২৩৭৭৭) এর সাথে যোগাযোগ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হল।

স্বাঃ  
 (রওনক আফরোজা সুমা)  
 সিনিয়র সহকারী সচিব  
 ফোন: ৯৫৭৬০১৮

E-mail: [trainingsection.fd@gmail.com](mailto:trainingsection.fd@gmail.com)

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

তথ্য মন্ত্রণালয়  
 প্রশাসন-৪ অধিশাখা

নং- ১৫.০০.০০০০.০১৮.২৫.০০২.১৪. ৩১১

তারিখ: ২০/০৭/২০১৭

উপর্যুক্ত প্রশিক্ষণ কোর্সে অংশগ্রহণেচ্ছুক কর্মকর্তাগণ (নির্ধারিত ছক অনুযায়ী) আগামী ২৪-০৭-২০১৭ তারিখের মধ্যে আবেদন দাখিল করার জন্য অনুরোধ করা হলো।

(কাজী মোশতাক জহির)  
 উপ-সচিব  
 ফোন- ৯৫৬৭১০১।

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. তথ্য মন্ত্রণালয়ের সকল কর্মকর্তা। সচিব, তথ্য কমিশন/ প্রধান তথ্য অফিসার, তথ্য অধিদফতর/ মহাপরিচালক, বাংলাদেশ টেলিভিশন/ বাংলাদেশ বেতার/ গণযোগাযোগ অধিদপ্তর/ জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউট/চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তর/বাংলাদেশ ফিল্ম আর্কাইভ/বাংলাদেশ প্রেস ইনস্টিটিউট/ব্যবস্থাপনা পরিচালক, বাংলাদেশ চলচ্চিত্র উন্নয়ন কর্পোরেশন/বাংলাদেশ সংবাদ সংস্থা/ভাইস-চেয়ারম্যান, সেন্সর বোর্ড/প্রধান নির্বাহী, বাংলাদেশ চলচ্চিত্র ও টেলিভিশন ইনস্টিটিউট/ সচিব, বাংলাদেশ প্রেস কাউন্সিল।
২. সিস্টেম এনালিস্ট, তথ্য মন্ত্রণালয়, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।